# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## উপজেলা ভূমি অফিস

### মতলব দক্ষিণ, চাঁদপুর

### সিটিজেন চার্টার (নাগরিক সনদ)

| ক্র: নং | প্রদেয় সেবার বিবরণ | সেবা প্রদান পদ্ধতি | সেবার নির্ধারিত মূল্য | সেবা প্রদানের নির্ধারিত সময় | আবেদনের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে |
|---|---|---|---|---|---|
| ০১ | ভূমি উন্নয়ন কর প্রদান | ভূমির মালিক অনলাইনে ldtax.gov.bd সাইটে ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে পারবেন। | ◦ সরকার নির্ধারিত হার অনুযায়ী অনলাইন পেমেন্ট গেটওয়ে (রকেট, বিকাশ, ব্যবহার করে নির্ধারিত ভূমি উন্নয়ন কর প্রদান।) | অনলাইনে | ◦মালিকানা সংক্রান্ত কাগজপত্র<br>◦খতিয়ানের কপি<br>◦ভূমির মালিকের এনআইডি কার্ড |
| ০২ | নামজারী ও জমা খারিজ | land.gov.bd সাইটে অনলাইনে আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্ত পূর্বক পক্ষগণকে নোটিশ প্রদানক্রমে শুনানি গ্রহণ সাপেক্ষে কোন আপত্তি না থাকলে নামজারী ও জমাখারিজ মামলা নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি (মঞ্জুর/নামঞ্জুর) করা হয়। প্রয়োজনীয় রেকর্ডপত্র দেখাতে হবে এবং নির্ধারিত তারিখ ও সময়ে মূল রেকর্ডপত্রসহ উপজেলা ভূমি অফিসে শুনানিতে উপস্থিত হতে হবে। | ◦ আবেদন ও নোটিশ জারি ফি বাবদ ৭০ টাকা (অনলাইনে পরিশোধিত)।<br>◦ রেকর্ড সংশোধন ফি ও মিউটেশন খতিয়ান ফি বাবদ ১১০০ টাকা (অনলাইনে পরিশোধিত)। | ২৮ দিন | ◦ দলিলের সার্টিফাইড কপি/ফটোকপি<br>◦ প্রয়োজনীয় ভায়া দলিলের সার্টিফাইড কপি/ফটোকপি<br>◦ ওয়ারিশন সনদ (অনধিক তিন মাসের মধ্যে ইস্যুকৃত)<br>◦ সম্পত্তি খতিয়ানের সার্টিফাইড কপি/ফটোকপি<br>◦ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা<br>◦ আবেদনকারী/প্রতিনিধির ১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি<br>◦ আদালতের আদেশ/রায়/ডিক্রি এর সার্টিফাইড কপি/ফটোকপি |
| ০৩ | বিবিধ মোকদ্দমা এর মাধ্যমে নামজারী আদেশের রিভিউ বা পুনর্বিবেচনা | নামজারী জমাভাগের আদেশের বিরুদ্ধে কারো কোন আপত্তি থাকলে আদেশ প্রদানের ৩০ দিনের মধ্যে (৩০ দিন পরে বিলম্বের কারণ উল্লেখ পূর্বক) প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। শুনানি এবং তদন্তের মাধ্যমে রেকর্ডপত্র পর্যালোচনান্তে আদেশ প্রদান করা হয়। | ◦ আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ৬০ দিন | ◦ আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র |
| ০৪ | বিবিধ মোকদ্দমায় রেকর্ড সংশোধন | চূড়ান্তভাবে প্রকাশিত রেকর্ডের করণিক এবং গাণিতিক ভুল আবেদনের ভিত্তিতে শুনানি ও প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনান্তে সংশোধনের আদেশ প্রদান করা হয়। | ◦ আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ৬০ দিন | ◦ আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র |
| ০৫ | ভূমিহীনদের মাঝে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির পর ইউনিয়ন ভূমিহীন বাছাই কমিটি কর্তৃক ভূমিহীনদের সাক্ষাৎকার শেষে আবেদনপত্র যাচাই বাছাই ক্রমে উপজেলা খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি কর্তৃক সুপারিশ পূর্বক জেলা খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর রেকর্ড সংশোধন পূর্বক দলিল সম্পাদন ও বন্দোবস্ত গ্রহীতার নামে নামজারী করা হয়। | ◦ ১০ টাকা সেলামী | ৬০-১০০ দিন | ◦ আবেদনকারী/আবেদনকারীগণের ওয়ার্ড মেম্বার/চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত একক/যৌথ ০২ কপি ছবি<br>◦ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক ও ভূমিহীন সনদ |
| ০৬ | অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | আবেদন প্রাপ্তির পর তদন্ত শেষে বন্দোবস্ত প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার পর তা অনুমোদন সাপেক্ষে বন্দোবস্ত প্রদান করা হয়। | ◦ আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা<br>◦ সরকার নির্ধারিত সেলামী | ৯০-১২০ দিন | ◦ আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র |
| ০৭ | অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা ও লিজ নবায়ন | আবেদন প্রাপ্তির পর তদন্ত ও অনুমোদন সাপেক্ষে নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে লিজ নবায়ন করা হয়। | ◦ আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা<br>◦ নির্ধারিত লিজমানি | ৯০ দিন | ◦ পূর্ববর্তী বছরের লিজমানি পরিশোধের রশিদ (ডিসিআর) |
| ০৮ | অর্পিত পুকুর, জলাশয়, ফলের বাগান ইজারা প্রদান | নীতিমালা অনুযায়ী নিলাম কমিটির মাধ্যমে ৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদান করা হয়। | ◦ নিলামে নির্ধারিত মূল্য | ১৫ দিন | ◦ নিলামে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র |
| ০৯ | সায়রাত মহাল ব্যবস্থাপনা | jm.lams.gov.bd সাইটে অনলাইনে আবেদন করতে হবে। | - | ৩০-৯০ দিন | ◦ অনলাইনে আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র। |
| ১০ | পেরিফেরিভুক্ত হাটবাজারের চান্দিনা ভিটি একসনা বন্দোবস্ত প্রদান | আবেদন প্রাপ্তির পর তদন্ত ও অনুমোদন সাপেক্ষে একসনা বন্দোবস্ত প্রদান করা হয়। | ◦ আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা<br>◦ নির্ধারিত লাইসেন্স ফি | ৩০-৪৫ দিন | ◦ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স |
| ১১ | পেরিফেরিভুক্ত হাটবাজারের চান্দিনা ভিটির একসনা বন্দোবস্ত লিজ নবায়ন | আবেদন প্রাপ্তির পর নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে লিজ নবায়ন করা হয়। | ◦ আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা<br>◦ নির্ধারিত লাইসেন্স ফি | ০১-০৭ দিন | ◦ পূর্ববর্তী বছরের লাইসেন্স ফি প্রদানের রশিদ |
| ১২ | নামজারী খতিয়ানের জাবেদা নকল সরবরাহ | আবেদন প্রাপ্তির পর খতিয়ানের নকল সরবরাহ করা হয়। | ◦ আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা<br>◦ ফলিও ফি ২০.০০ টাকা | ০১-০৩ দিন | - |
| ১৩ | ভূমির শ্রেণী পরিবর্তন | আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্ত ও অনুমোদন সাপেক্ষে ভূমির শ্রেণী পরিবর্তন করা হয়। | ◦ আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ৩০ দিন | ◦ আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র |
| ১৪ | ভূমি মালিকানার সনদ প্রদান | আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্ত সাপেক্ষে সনদ ইস্যু করা হয়। | ◦ আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ১৫-৩০ দিন | ◦ আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র |
| ১৫ | ভূমি সংক্রান্ত বিবিধ আবেদনের ওপর কার্যক্রম গ্রহণ | আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্ত ও শুনানির মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়। | ◦ আবেদনের জন্য কোর্ট ফি ২০.০০ টাকা | ৩০ দিন | ◦ আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র |

**নির্ধারিত ফি ব্যতীত অন্য কোন আর্থিক লেনদেন সরাসরি অপরাধ। অফিসের কেউ অতিরিক্ত অর্থ দাবি করলে বা নির্ধারিত সময়ের মধ্যে সেবা না পেলে এবং ভূমি সংক্রান্ত যে কোন পরামর্শ, তথ্য ও অভিযোগের জন্য যোগাযোগ করুন:**


| সহকারী কমিশনার (ভূমি) | উপজেলা নির্বাহী অফিসার | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | জেলা প্রশাসক |
|---|---|---|---|
| মতলব দক্ষিণ | মতলব দক্ষিণ | চাঁদপুর | চাঁদপুর |
| ফোন : ০১৭৩০০-৬৭০৬৫ | ফোন : ০১৭৩০০-৬৭০৬৪ | ফোন : ০১৭৩০০-৬৭০৫২ | ফোন : ০১৭৩০০-৬৭০৫০ |
| e-mail: aclandmatlabsouth@gmail.com | e-mail: unomatlab@mopa.gov.bd | e-mail: adcrchandpur@gmail.com | e-mail: dcchandpur@gmail.com |
| aclandmatlab.south@yahoo.com | unomatlab@gmail.com | | web: www.chandpur.gov.bd |
| web: www.matlabsouth.acland.gov.bd | web: matlabsouth.chandpur.gov.bd | | |